

কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহনে “ জাতীয় শুদ্ধাচার কৌশল, ২০১২” বাস্তবায়ন বিষয়ক সভা

গত ০৯-০১-২০১৭ খ্রি: তারিখ জনাব রেশাদ মহম্মদ ইকরাম আলী, পরিচালক ও তত্ত্বাবধায়ক বিভাগ-২ এবং সভাপতি, নৈতিকতা কমিটি শুভেচ্ছা বক্তব্য প্রদানের মাধ্যমে কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহনে “ জাতীয় শুদ্ধাচার কৌশল, ২০১২”বাস্তবায়ন বিষয়ক সভা শুরু হয়। তিনি ‘জাতীয় শুদ্ধাচার কৌশল, ২০১২’ বাস্তবায়নে নিয়মনীতির উন্নয়ন সাধন, ক্ষেত্রবিশেষ আইন ও পদ্ধতির পরিবর্তন, লোকবলের দক্ষতা, কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, তথ্য প্রাপ্তি অধিকার ইত্যাদি বিষয়সমূহ সম্বন্ধে আলোচনা করেন। সভায় পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, উপ-পরিচালক(ভূতত্ত্ব) ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি। তিনি উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীদের উদ্দেশ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বার্ষিক কর্মপরিকল্পনা অনুসরণের গুরুত্ব ও কর্মক্ষেত্রে সকলের দক্ষতা, নিষ্ঠা ও সততা বিষয়ে আলোচনা করেন। এছাড়া তিনি আলোচনায় সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুসরণ এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের মাধ্যমে জাতীয় ক্ষেত্রে শুদ্ধাচার প্রতিষ্ঠা করা, তথ্য অধিকার আইন ২০০৯, অভিযোগ ও প্রতিকারের ব্যবস্থাপনা (GRS) ও কর্ম মূল্যায়ন বিষয়সমূহ উল্লেখ করেন।

সম্মানিত মহাপরিচালক ড. মোহা: নিহাল উদ্দিন বলেন মন্ত্রনালয় দপ্তরের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে পদক্ষেপ নিচ্ছে। সুষ্ঠু পরিকল্পনার সঙ্গে আমাদের উত্তম কৌশলের সমন্বয় ঘটতে হবে। দপ্তরের উন্নয়নে সকলের সমন্বিত প্রচেষ্টা থাকার বিষয়ে তিনি উল্লেখ করেন। প্রশিক্ষণের ব্যাপারে বিভিন্ন দেশের সাথে সম্ভাব্য MoU স্বাক্ষর বিষয় উল্লেখ করেন, যার মাধ্যমে ভবিষ্যতে কারিগরী প্রশিক্ষণ কর্মসূচী সম্পাদন করা যাবে।

জনাব সিরাজুল ইসলাম খান, পরিচালক ও বিভাগীয় প্রধান-১ বলেন মন্ত্রনালয়ের সঙ্গে সংগতি রেখে ২০১৩ সাল থেকে শুদ্ধাচার নিয়ম কানুন অনুসরণ করা হচ্ছে। তিনি আমাদের উপর অর্পিত দায়িত্ব সময়মত গুরুত্বসহকারে পালন বিষয়ে জোর দেন। এছাড়া তিনি APA, সিটিজেন চার্টার ও কর্মকর্তাদের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা বিষয়ে বক্তব্য দেন। সভাটি সঞ্চালনা করেন জনাব মুনীর হোসেন, পরিচালক (ভূতত্ত্ব)ওসদস্য, জিএটিসি।



জনাব ড. মোহা: নিহাল উদ্দিন, মহাপরিচালক



জনাব সিরাজুল ইসলাম খান, পরিচালক ও বিভাগীয় প্রধান-১

...



জনাব রেশাদ মহম্মদ ইকরাম আলী, পরিচালক ও তত্ত্বাবধায়ক বিভাগ-২ এবং সভাপতি, নৈতিকতা কমিটি এবং সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ



পাওয়ার পয়েন্ট উপস্থাপনায় জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, উপ-পরিচালক(ভূতত্ত্ব) ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি